



Membership Rules & Guidelines

- ০১। নতুন সদস্য পদ প্রাপ্তির ক্ষেত্রে “**Point Table Criteria**” দ্রষ্টব্য।
- ০২। বাংলাদেশ কম্পিউটার সোসাইটির তিনজন (৩) সদস্য কর্তৃক আবেদন ফরমের ১৮ নং নমিনেশন (**Nomination**) অংশ যথাযথ নিয়মে পূরণ করতে হবে।
- ০৩। প্রত্যেকটি শিক্ষাগত যোগ্যতার সনদপত্র প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক **সত্যায়িত** করতে হবে।
- ০৪। কম্পিউটার বিষয়ক চাকুরির অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্র, অথবা **সত্যায়িত** অনুলিপি।
- ০৫। কম্পিউটার বিষয়ক ট্রেইনিং (যদি থাকে) এর **সত্যায়িত** অনুলিপি।
- ০৬। আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের **সত্যায়িত** ফটোকপি এবং ৩টি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন **সত্যায়িত** ছবি।
- ০৭। ডকুমেন্ট ছাড়া কোন প্রকার তথ্য আবেদনপত্রে লেখা থাকলে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৮। সমগ্রদে সদস্যপদ “**Re-New**” ক্ষেত্রে ফরম পূরণ করার পরিবর্তে **শুধুমাত্র বকেয়া চাঁদা** পরিশোধপূর্বক সোসাইটির রশিদের ভিত্তিতেই সদস্যপদ নবায়ন (**Re-New**) করা যাবে।
- ০৯। **CSE** এবং তৎসংশ্লিষ্ট বিষয় ব্যতীত অন্য কোন ডিসিপ্লিন (**NON-IT**) এর ক্ষেত্রে ন্যূনতম গ্রাজুয়েট ডিগ্রী এবং সরকারী ,আধা সরকারী ,স্বায়ত্বশাসিত ,ব্যংক অথবা স্বনামধন্য কোন প্রতিষ্ঠানের **ICT** সম্পর্কিত কাজে ন্যূনতম (১০)দশ বছরের অভিজ্ঞতা থাকলে তাকে এসোসিয়েট সদস্যপদ (**AM**) প্রদান করা যাবে। অভিজ্ঞতা ১০ (দশ) বছরের কম থাকলে **Point Table Criteria** অনুযায়ী সদস্যপদ (**AM**) প্রদান করা যাবে।
- ১০। **CSE** এবং তৎসংশ্লিষ্ট বিষয়ের গ্রাজুয়েট চাকুরীরত অকার্যকর (**Invalid**)গ্রাজুয়েট (**GM**)এবং এসোসিয়েট (**AM**)সদস্যদের ক্ষেত্রে সম গ্রেডে ৩ (তিন) বছরের চাঁদা এবং পরবর্তী উর্দ্ধতন গ্রেডে ৭ (সাত) বছরের চাঁদা এককালীন পরিশোধের মাধ্যমে পরবর্তী উর্দ্ধতন গ্রেডে আজীবন (**Life**)সদস্য পদে উন্নীত করা যাবে।
- ১১। **CSE** এবং তৎসংশ্লিষ্ট বিষয় ব্যতীত অন্য কোন ডিসিপ্লিন (**NON-IT**) এর গ্রাজুয়েট চাকুরীরত অকার্যকর (**Invalid**)গ্রাজুয়েট (**GM**)এবং এসোসিয়েট (**AM**)সদস্যদের ক্ষেত্রে সম গ্রেডে ১০ (দশ) বছরের চাঁদা এককালীন পরিশোধের মাধ্যমে সম গ্রেডে আজীবন (**Life**)সদস্য পদে উন্নীত করা যাবে।
- ১২। অকার্যকর (**Invalid**)সদস্য (**M**)এবং ফেলো (**F**)সদস্যদের ক্ষেত্রে সম গ্রেডে ১০ (দশ) বছরের চাঁদা এককালীন পরিশোধের মাধ্যমে সম গ্রেডে আজীবন (**Life**)সদস্য পদে উন্নীত করা যাবে।